যুগান্তর

তারিখ ... 01 DEC 2015 ...
পৃষ্ঠা ২০ ... কলাম ... ৪ ......

এসএসসির ফরম পূরণ

# বোর্ড ফি'র অতিরিক্ত নিলেই ব্যবস্থার নির্দেশ

যুগান্তর রিপোর্ট

মাধ্যমিক (এসএসসি) পরীক্ষায় ফরম পূরণে পরীক্ষার্থীদের কাছ থেকে বোর্ড নির্ধারিত ফি'র বাইরে অতিরিক্ত টাকা আদায় করলে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের বিরুদ্ধে ব্যবস্থা নেয়ার নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। ইতিপূর্বে দেয়া নির্দেশ যথাযথভাবে পালন করা হচ্ছে কিনা, কেউ লংঘন করেছে কিনা সে বিষয়ে শিক্ষা বোর্ডগুলোকে ৬ জানুয়ারির মধ্যে প্রতিবেদন দেয়ারও নির্দেশ দেয়া হয়েছে আদেশে। সোমবার বিচারপতি

ব্যবস্থার : পৃষ্ঠা ১৯ : কলাম ১

## ব্যবস্থার : নির্দেশ

(শেষ পৃষ্ঠার পর)

ড. কাজী রেজাউল হক ও আবু তাহের মো. সাইফুর রহমানের সমন্বয়ে গঠিত বেঞ্চ স্বতঃপ্রণোদিতভাবে এ আদেশ দেন।

সংশ্লিষ্ট কোর্টের ডেপুটি অ্যাটর্নি জেনারেল তাপস কুমার বিশ্বাস যুগান্তরকে বলেন, 'চলতি বছর এসএসসি ফরম পূরণে বাড়তি ফি আদায় করা হচ্ছে মর্মে সংবাদপত্রে একাধিক প্রতিবেদন প্রকাশিত হয়েছে। বাড়তি ফি আদায় নিয়ে করা একটি রিটের পক্ষের আইনজীবী মো. মোজাম্মেল হোসেন পত্রিকায় প্রকাশিত বিষয়টি আদালতের নজরে আনেন। এ পরিপ্রেক্ষিতে আদালত বাড়তি ফি আদায়ের বিষয়টি তদন্ত করে ব্যবস্থা নেয়ার জন্য নির্দেশ দিয়েছেন। পাশাপাশি ইতিপূর্বে দেয়া আদেশ পালনের বিষয়ে একটি প্রতিবেদন ৬ জানুয়ারির মধ্যে দাখিল করতে নির্দেশ দেয়া হয়েছে। ওইদিন পরবর্তী শুনানি অনুষ্ঠিত হবে।'

সূত্র জানায়, গতবছরের ১০ নভেম্বর দৈনিক যুগান্তরে প্রকাশিত 'এসএসসি ফরম পূরণ শুরু : আটগুণ বাড়তি ফি আদায়' শীর্ষক প্রতিবেদন আমলে নিয়ে বিচারপতি ড. কাজী রেজাউল হকের নেতৃত্বাধীন হাইকোর্ট বেঞ্চ স্বতঃপ্রণোদিত হয়ে রুল জারি করেছিলেন। রুলে অতিরিক্ত ফি আদায় কেন অবৈধ ঘোষণা করা হবে না এবং অতিরিক্ত ফি আদায়কারীদের বিরুদ্ধে কেন আইনগত ব্যবস্থা নেয়া হবে না তা জানতে চাওয়া হয়। শিক্ষা সচিবসহ বিভিন্ন শিক্ষা বোর্ডের চেয়ারম্যানদের এ রুলের জবাব দিতে বলা হয়। একই সঙ্গে এসএসসি ফরম পূরণে বোর্ড নির্ধারিত ফি'র বেশি না নেয়ার জন্যও নির্দেশনা দেয়া হয়।

এ আদেশের পরিপ্রেক্ষিতে শিক্ষা বোর্ডগুলো থেকে নোটিশ জারির পরও বাড়তি ফি আদায় করে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান। বিষয়টি নজরে আসলে হাইকোর্ট রাজধানীর ২০টি নামি-দামি শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটির চেয়ারম্যান/সভাপতি ও প্রধান শিক্ষক/অধ্যক্ষকে তলব করেছিলেন। পরবর্তীতে ৬ জানুয়ারি তারা হাজির হলে তাদের আদায়কৃত বাড়তি ফি চলতি বছরের ২০ জানুয়ারির মধ্যে ফেরত দেয়ার নির্দেশ দেয়া হয়। আদেশে বলা হয়, সচিব ও ১০ শিক্ষা বোর্ডের চেয়ারম্যান এ মর্মে আদেশ জারি করে যে, সারা দেশে যেসব বিদ্যালয় সরকার নির্ধারিত এসএসসি পরীক্ষার ফি এবং আইনগতভাবে আদায়যোগ্য ফি বহির্ভূত কোনো বাড়তি ফি আদায় করেছে, সেসব ফি ২০ জানুয়ারির মধ্যে শিক্ষার্থীদের ফেরত দেবে। তা না হলে সংশ্লিষ্ট স্কুলের ব্যবস্থাপনা কমিটি বাতিল বলে গণ্য হবে। আদেশ অমান্য করা হলে ওইসব ব্যবস্থাপনা কমিটির সদস্য পরবর্তী তিন বছরের জন্য ব্যবস্থাপনা কমিটি ও গভর্নিং কমিটির নির্বাচনের জন্য অযোগ্য বিবেচিত হবেন।

এ আদেশটিই বর্তমানে পালন হচ্ছে কিনা, কেউ লংঘন করেছে কিনা—সে বিষয়ে আদালত ৬ জানুয়ারির মধ্যে প্রতিবেদন দিতে বলেছেন।